



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর: ১২২

রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা অনুষ্ঠিত

রাজশাহী; ০৪ পৌষ (১৯ ডিসেম্বর):

রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভা আজ বিভাগীয় কমিশনারের কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে। বিভাগীয় কমিশনার জি এস এম জাফরউল্লাহ (এনডিসি) সভায় সভাপতিত্ব করেন।

সমন্বয় সভায় ইঞ্জিনিয়ারিং দপ্তরগুলো নির্মাণসামগ্রীর সাম্প্রতিক মূল্য বৃদ্ধির ফলে অবকাঠামো নির্মাণকাজ বাধাগ্রস্ত হওয়ার বিষয়টি উত্থাপন করে এ বিষয়ক আইনগুলো যুগোপযোগী করার প্রস্তাব রাখেন।

সভায় স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে জানানো হয়, রাজশাহী বিভাগে আগামী ২০ ডিসেম্বর থেকে করোনার চতুর্থ ডোজ টিকা দেয়া শুরু হবে। বয়স্কদের মধ্যে যাদের বুস্টার ডোজের মেয়াদ চার মাস অতিবাহিত হয়েছে প্রাথমিকভাবে তারাই এ টিকা পাবে।

আমন ধান কর্তন শেষ পর্যায়ে উল্লেখ করে কৃষি বিভাগের পক্ষ থেকে জানানো হয়, রাজশাহীতে আমন ধানের ফলন প্রত্যাশার চেয়েও বেশি হয়েছে। এ সময় গণপূর্ত দপ্তর থেকে জানানো হয়, আগামী ২৯ ডিসেম্বর প্রধানমন্ত্রী শেখ হাসিনা সারাদেশে ৫০টি মডেল মসজিদ উদ্বোধন করবেন। এর মধ্যে রাজশাহী সিটি মসজিদসহ রাজশাহী বিভাগের ১১টি মসজিদ রয়েছে।

সমন্বয় সভায় অন্যান্য দপ্তর প্রধানগণ নিজ নিজ দপ্তরের উন্নয়নচিত্র তুলে ধরেন।

সভাপতির বক্তব্যে বিভাগীয় কমিশনার বলেন, বিভিন্ন উন্নয়নমূলক কাজের ক্ষেত্রে সরকারি দপ্তরসমূহের মধ্যে সমন্বয় বাড়াতে হবে, যাতে উন্নয়ন কাজগুলো টেকসই হয়। '১ ইঞ্চি জমিও খালি রাখা যাবে না'- প্রধানমন্ত্রীর এই নির্দেশ প্রতিপালনে তিনি কৃষি বিভাগকে আরও সচেতন হওয়ার পরামর্শ দেন।

সমন্বয় সভায় রাজশাহী বিভাগের বিভিন্ন সরকারি দপ্তরের প্রধান ও জেলা প্রশাসকগণ অংশগ্রহণ করেন।##

.....
তৌহিদ/২০২২/১৬.৩০ঘ.